

সদ্য আলাপ হওয়া দম্ পতিকে

আমরা যারা ক্লিষ্ট দম্ পতি, যারা সকালের একত্র যাপন
বোবা থাকি, কাগজ পড়ার আর চা খাওয়ার মধ্যে ঢুকে থাকা
নীরবতা ভয় করি, হাঁটু ঠকঠক করে কাঁপে,
পরস্পরকে সারাক্ষণ অপরিচিতের মতো লাগে
তারপর সারাদিন কোনো কাজ একসাথে করতে পারি না,
এত ভয় পাই পরস্পরকে যারা

ভাবতেই পারি না আজো নভেম্বরের রাতে স্কুটার চালিয়ে
মাথা-টাথা না ঢেকেও তোমরা স্বামীস্ত্রী কোন জোশে বেরিয়েছ
অঞ্চল ঘুরেছ আর খুঁজে খুঁজে গেছ
নতুন আলাপ হওয়া লোকেদের বাড়ি
ভুলভাল দশটার সময়ে

আমরা যারা ক্লিষ্ট দম্ পতি, যারা বহুদিন এক আকাশ তারা দেখতে বাইরেই
আসিনি
এক অন্ধকার ঘরে মুখোমুখি বিষণ্ণতা যাপন করেছি

মাঝে মাঝে ঝগড়া করে তুমুল আওয়াজ তুলে পূর্নবার চুপ করে গেছি
ভাবতে পারি না তোমরা কোন ভাবে উদ্‌যাপন করো
সামান্য টর্চ হাতে শীতগুলি, রাতগুলি, এমনকী, এমনকী লোডশেডিং-ও !
আঃ কী দাণ অন্ধকার দেখো, ভাবা যায় না, বলে বেরিয়েছ যেই, অমনি আক
াশের গুচ্ছ গুচ্ছ তারা
কাঁধে মুখে নেমে এসে তোমাদের চুম্বন করেছে

আমরা যারা ক্লিষ্ট দম্ পতি
তোমাদের কাছ থেকে আজ আবার প্রেম পাই, আবার দাম্ পত্য খুঁজে পাই.

যশোধরা রায় চৌধুরী

